

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ১২, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২৭ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ/ ১১ জানুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.২২.০১০—মন্ত্রিপরিষদ সচিব জনাব কবির বিন আনোয়ার ১৯৮৫ ব্যাচের একজন কর্মকর্তা। তিনি ১৯৮৮ সালে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারে যোগদানপূর্বক সুদীর্ঘ ৩৫ বছর সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে গত ০৩ জানুয়ারি ২০২৩ তারিখে সরকারি চাকুরি হতে অবসর গ্রহণ করেন।

০২। বর্ণাঢ্য চাকরিজীবনে তিনি কেন্দ্রীয় এবং মাঠপ্রশাসনের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। এছাড়াও অর্থ মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়ে নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করেন। তিনি গত ২২ মার্চ ২০১৮ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয়ের সচিব হিসাবে নিযুক্ত হন এবং গত ২৯ জুন ২০২০ তারিখে সরকারের সিনিয়র সচিব হিসাবে পদোন্নতি প্রাপ্ত হন। জনাব কবির বিন আনোয়ার গত ১৫ ডিসেম্বর ২০২২ তারিখে সিভিল সার্ভিসের সর্বোচ্চ পদ মন্ত্রিপরিষদ সচিব হিসাবে নিযুক্ত হন এবং একই পদে থেকে সরকারি চাকুরি হতে অবসর গ্রহণ করেন।

০৩। জনাব কবির বিন আনোয়ার জন-কল্যাণধর্মী বিভিন্ন কাজের জন্য বহু পদক ও সম্মাননায় ভূষিত হন। এর মধ্যে ITU হতে ২০১৪, ২০১৫, ২০১৭ ও ২০১৮ সালে WISIS পুরস্কার, ২০১৬ ও ২০১৮ সালে জনপ্রশাসন পদক এবং ২০১৭ সালে Open Group Award, ২০২১ ও ২০২২ সালে ডিজিটাল বাংলাদেশ পদক এবং ২০২২ সালে বঙ্গবন্ধু জনপ্রশাসন পদকে ভূষিত হন। তিনি বাংলাদেশ স্কাউটস-এর সর্বোচ্চ খেতাব রৌপ্য ব্যান্ড পদকে ভূষিত হন।

(৮৮১)

মূল্য : টাকা ৮.০০

০৪। দেশ ও জাতির সেবায় গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য জনাব কবির বিন আনোয়ারকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানিয়ে এবং তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করে মন্ত্রিসভার ২৫ পৌষ ১৪২৯/০৯ জানুয়ারি ২০২৩ তারিখের বৈঠকে একটি ধন্যবাদ প্রস্তাব গৃহীত হয়।

০৫। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত ধন্যবাদ প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মাহবুব হোসেন

মন্ত্রিপরিষদ সচিব

মন্ত্রিসভার ধন্যবাদ প্রস্তাব

২৫ পৌষ ১৪২৯
ঢাকা: ০৯ জানুয়ারি ২০২৩

মন্ত্রিপরিষদ সচিব জনাব কবির বিন আনোয়ার ১৯৮৫ ব্যাচের একজন কর্মকর্তা। তিনি ১৯৮৮ সালে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারে যোগদানপূর্বক সুদীর্ঘ ৩৫ বছর সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে গত ০৩ জানুয়ারি ২০২৩ তারিখে সরকারি চাকুরি হতে অবসর গ্রহণ করেন।

বর্ণাঢ্য চাকরিজীবনে তিনি কেন্দ্রীয় এবং মাঠপ্রশাসনের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। এছাড়া তিনি নেদারল্যান্ডে বাংলাদেশ দূতাবাসের First Secretary (Diplomatic) পদে নিযুক্ত ছিলেন। চাকুরি জীবনে তিনি মাঠ প্রশাসন ছাড়াও অর্থ মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়ে নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করেন। তিনি গত ২২ মার্চ ২০১৮ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয়ের সচিব হিসাবে নিযুক্ত হন এবং গত ২৯ জুন ২০২০ তারিখে সরকারের সিনিয়র সচিব হিসাবে পদোন্নতিপ্রাপ্ত হন। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার আলোকে পানি সম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব থাকাকালীন তিনি নদী শাসন, নদীর নাব্যতা রক্ষায় ডেজিং এবং ডেজ ম্যাটেরিয়াল দ্বারা ল্যান্ড রিক্লেমেশনে নিষ্ঠার সাথে কাজ করেন। জনাব কবির বিন আনোয়ার গত ১৫ ডিসেম্বর ২০২২ তারিখে সিভিল সার্ভিসের সর্বোচ্চ পদ মন্ত্রিপরিষদ সচিব হিসাবে নিযুক্ত হন এবং একই পদে থেকে সরকারি চাকুরি হতে অবসর গ্রহণ করেন।

জনাব কবির বিন আনোয়ার পেশাগত জীবনের পাশাপাশি বিভিন্ন সামাজিক কর্মকাণ্ডের সঙ্গে সম্পৃক্ত ছিলেন। তিনি বাংলাদেশ এ্যাডমিনিস্ট্রিটিভ সার্ভিস অ্যাসোসিয়েশনের সভাপতি, বাংলাদেশ স্কাউটের উন্নয়ন বিষয়ক জাতীয় কমিটির সভাপতি, বাংলাদেশ সাইক্লিং ফেডারেশনের চেয়ারম্যান ও সভাপতির দায়িত্ব পালন করছেন। এছাড়া তিনি পরিবেশ সংরক্ষণ কমিটি, সুন্দরবন সংরক্ষণ কমিটি, নদী গবেষণা কর্মকাণ্ডের সঙ্গে সম্পৃক্ত রয়েছেন।

জনাব কবির বিন আনোয়ার জন-কল্যাণধর্মী বিভিন্ন কাজের জন্য বহু পদক ও সম্মাননায় ভূষিত হন। এর মধ্যে ITU হতে ২০১৪, ২০১৫, ২০১৭ ও ২০১৮ সালে WISIS পুরস্কার, ২০১৬ ও ২০১৮ সালে জনপ্রশাসন পদক এবং ২০১৭ সালে Open Group Award ছাড়াও পানি সম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিবের দায়িত্বে থাকা অবস্থায় প্রাতিষ্ঠানিকভাবে ২০২১ ও ২০২২ সালে ডিজিটাল বাংলাদেশ পদক এবং ২০২২ সালে বঙ্গবন্ধু জনপ্রশাসন পদকে ভূষিত হন। তিনি বাংলাদেশ স্কাউটস-এর সর্বোচ্চ খেতাব রৌপ্য ব্যান্ড পদকে ভূষিত হন।

জনাব কবির বিন আনোয়ার বাংলাদেশের মুক্তিযুদ্ধসহ সমসাময়িক বিভিন্ন বিষয়ে গ্রন্থ রচনা করেন, এর মধ্যে বিশ্ব গণমাধ্যমে বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম (সংকলন-১), বিশ্ব ধারা মাধ্যমে বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম (সংকলন-২), বিস্মৃত মুসলিম মানস, প্রযুক্তি বদলে দিল যারা উল্লেখযোগ্য। এ ছাড়াও ইংরেজি ভাষায় তাঁর রচিত গ্রন্থসমূহের মধ্যে UK Foreign & Commonwealth Office, De-Classified Documents 1962—1971, Bangabandhu Sheikh Mujibur Rahman and Struggle for Independence এবং US State Department, De-Classified Documents 1953—1973 প্রভৃতি অন্যতম।

জনাব কবির বিন আনোয়ার সুদীর্ঘ সময় প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত থেকে পেশাদারিত্ব, দক্ষতা, বিচক্ষণতা ও সুনামের সঙ্গে দায়িত্ব পালনের মাধ্যমে দেশ ও জাতির কল্যাণে কাজ করেন।

দেশ ও জাতির সেবায় গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য মন্ত্রিসভা জনাব কবির বিন আনোয়ারকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানাচ্ছে এবং তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করছে।